

মাঠ পর্যায়ের কার্যক্রম এর ই-মনিটরিং প্রতিবেদন

ই-মনিটরিং এর তারিখ

: ২৭/০৮/২০২৩ খ্রি।

ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী

: মোঃ মাহবুবুল হক
উপসচিব (উন্নয়ন-১ শাখা)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/ কার্যক্রম

: তৎমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোগাদের বিকাশ সাধন প্রকল্প এর আওতায় ফুলগাজী প্রশিক্ষণ কেন্দ্রে চলমান প্রশিক্ষণ কার্যক্রম।

ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/ কার্যক্রম এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী

: জনাব মমতাজুল করিম, প্রশিক্ষক (ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট)।

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিলক্ষিত বিষয়সমূহ :

২৭/০৮/২০২৩ খ্রি দুপুর ২:০০ ঘটিকায় ফেনী জেলার ফুলগাজী উপজেলায় ‘তৎমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোগাদের বিকাশ সাধন প্রকল্প’ এর আওতায় চলমান প্রশিক্ষণ কার্যক্রম ই-মনিটরিং করি। প্রকল্পের আওতায় সকাল ৯টা হতে দুপুর ১২টা এবং দুপুর ০১টা হতে বিকাল ৪টা পর্যন্ত প্রতিদিন ০২টা ব্যাচের ৮০ (আশি) দিন মেয়াদে ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর সংখ্যা ২৫ জন। বিগত ১২/৮/২০২৩ তারিখে চলমান প্রশিক্ষণ কার্যক্রমটি শুরু হয়েছে।

ই-মনিটরিংকালে ২৪জন প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন। ০১জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ শুরুর ০১ দিন পর হতে অনুপস্থিত রয়েছেন এবং তারা অনুপস্থিতির কারণ জানাননি মর্মে প্রশিক্ষক জানান। ১০ কর্ম দিবস অনুপস্থিত থাকলে তার পরিবর্তে নীতিমালা অনুযায়ী অপেক্ষমান তালিকা হতে নতুন প্রশিক্ষণার্থী অর্প্পন করা হবে মর্মে প্রশিক্ষক জানান। প্রশিক্ষণার্থীদের দৈনিক ১৫০/- টাকা ভাতা প্রদান করা হয় এবং অনুপস্থিতির ক্ষেত্রে ভাতা দেয়া হয় না। ই-মনিটরিংকালে জানা যায় যে, জাতীয় মহিলা সংস্থার কোর্স কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

ই-মনিটরিংকালে জানা যায় যে, বিভিন্ন হস্ত শিল্পজাত পণ্য তৈরী, ঘরোয়া পরিবেশে জন্মদিন, গায়ে হলুদ, আকত ইত্যাদি জাতীয় অনুষ্ঠানের ইভেন্ট ম্যানেজমেন্ট হিসেবে কাজ করার বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণার্থীগণের মধ্য হতে ০২ জনের (নুসরাত জাহান প্রিয়া ও আয়েশা আকতা) সাথে আলোচনায় জানা যায় যে, এরূপ প্রশিক্ষণের মাধ্যমে তারা উপকৃত হবেন এবং একক উদ্যোগের পাশাপাশি তারা গুপ্ত গঠন করে উদ্যোগাত্মক হিসেবে কাজ করার অভিপ্রায় ব্যক্ত করেন। ইতোমধ্যে কয়েকজন বাড়িতে সীমিত আকারে বিভিন্ন হস্ত শিল্পজাত পণ্য তৈরী এবং উৎপাদিত সামগ্রী বিক্রয় শুরু করছেন।

মন্তব্য/সুপারিশ :

- ১। হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্ব আরোপ করতে হবে।
- ২। প্রশিক্ষণলক্ষ জ্ঞান যথাযথ ব্যবহারের বিষয়টি নিবিড় তদারকির মাধ্যমে উদ্যোগা সৃষ্টিতে সহায়তা করার জন্য প্রকল্প দপ্তর ও জাতীয় মহিলা সংস্থাকে পরামর্শ প্রদান করা হলো।
- ৩। প্রশিক্ষণে উপস্থিতির রেকর্ড অনুযায়ী যথাসময়ে ভাতা পরিশোধ নিশ্চিত করতে হবে।
- ৪। কোন প্রশিক্ষণার্থীর দীর্ঘ অনুপস্থিতির ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী অপেক্ষমান তালিকা হতে নতুন প্রশিক্ষণার্থী অর্প্পন করতে হবে।
- ৫। প্রশিক্ষণার্থী নির্বাচনকালে উদ্যোগাত্মক হওয়ার আগ্রহের বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে।

১৮/৮/২০২৩

(মো: মাহবুবুল হক)

উপসচিব (উঃ- ১)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।